




# আমার শিরাগুলি কি ঠিক আছে ?

আপনার সাংঘাতিক বিপদের ঝুঁকি রয়েছে। নিয়মিত আপনার শরীরের শিরাগুলির ক্রিয়াকলাপ পরীক্ষা করান, যাতে যে কোনো সম্ভাব্য ক্ষতি নিরূপণ করে প্রথম অবস্থাতেই চিকিৎসা করা যেতে পারে।









স্পাইডার শিরা



ভ্যারিকোজ শিরা (= স্ফীত)

আপনার চিকিৎসকের পরামর্শ নিন। সম্ভাব্য কারণ হচ্ছে, আপনার পায়ের শিরার প্রারম্ভিক বা বৃদ্ধিপ্রাপ্ত বিশৃঙ্খলা হওয়া। কেবল ধারাবাহিক চিকিৎসাই এই অবস্থার আরো অবনতি বন্ধ করতে পারে।



ডোরা-কাটা রক্তাভ দাগ সহ শিরার প্রদাহ

অবিলম্বে আপনার চিকিৎসকের সঙ্গে পরামর্শ করুন। সম্ভাব্য কারণ হচ্ছে, শিরার প্রদাহ।

# শিরায় বিশৃঙ্খলা কিন্তু শুরু হয় খুব নিরীহ ভাবে ....

# .... এবং একটা বড়োসড়ো সমস্যা হয়ে উঠতে পারে, যদি এর চিকিৎসা না করা হয়



ত্বকের বিবর্ণতা সহ
দীর্ঘস্থায়ী শিরার অক্ষমতা



একদিক স্ফীত হওয়া সহ
শিরায় গভীর থ্রমবোসিস-এর
অবস্থা

যত শীঘ্র সম্ভব, আপনার চিকিৎসকের সঙ্গে যোগাযোগ করুন। সম্ভাব্য কারণ হচ্ছে একটি বিপজ্জনক শিরার থ্রম্‌বোসিস।



ক্ষতিগ্রস্ত লিম্‌ফ্যাটিক গঠনতন্ত্রের
জন্য স্ফীত হওয়া

দয়া করে আপনার চিকিৎসকের পরামর্শ নিন। আপনার লিমফ্যাটিক গঠনতন্ত্র ক্ষতিগ্রস্ত হয়ে থাকতে পারে।

যদি এটা বার বার ঘটতে থাকে, আপনার চিকিৎসককে জানান। হয়তো এর কারণ স্নায়ুতন্ত্র-গত হতে পারে।

চিকিৎসকের পরামর্শ গ্রহণ করুন। আপনার ধমনীতন্ত্রে কোনো বিশৃঙ্খলা আছে, এটাও সম্ভব হতে পারে।

আমাদের আধুনিক সমাজে, প্রতি দ্বিতীয় সাবালক পুরুষটি শিরাঘটিত বিশৃঙ্খলায় বা ভ্যারিকোজ শিরা রোগে আক্রান্ত হন, এবং অনেকসময়ে এটা বুঝতেও পারেন না। যদি এই অবস্থার চিকিৎসা না করা হয়, তাহলে এটা ক্রমাগত আরো খারাপ হতে থাকে। পুরুষের চেয়ে মহিলারাই এই রোগে বেশি আক্রান্ত হন, কারণ দুর্বলতর গ্রথিত-কোষ সমূহ এবং গর্ভাবস্থা। সন্ধ্যার দিকে পা-দু'টি ক্লান্ত আর ভারী মনে হওয়াটা প্রায়শই প্রাথমিক লক্ষণ। পা থেকে মস্তিস্কে রক্ত সঞ্চালন বাধাপ্রাপ্ত হয়।

যদি এই প্রাথমিক লক্ষণগুলিকে গুরুত্ব না দেওয়া হয়, তাহলে অনতিবিলম্বে এই সান্ধ্য অস্বাচ্ছন্দ্যের সঙ্গে পা ফুলে যাওয়া দেখা দেবে। পায়ের শিরার রক্ত ঘনীভূত হয়ে থাকছে, তার পরিস্কার লক্ষণ হচ্ছে মোটা এবং স্ফীত পা। দুর্ভাগ্যক্রমে এই পরিস্কার লক্ষণগুলি প্রায়শই উপেক্ষা করা হয়, কারণ এই ফুলে যাওয়া, যাকে ইডীমা বলা হয়, সাধারণত শুরুর দিকে রাতারাতি মিলিয়ে যায়। যদিও, পরের সন্ধ্যায় আবার এটি ফিরে আসে।

## কী ঘটছে ?

সাধারণত এর প্রধান কারণ হচ্ছে, জেনেটিক প্রিডিস্‌পোজিশন। এর সঙ্গে, প্রধানত বসে বসে বা দাঁড়িয়ে দাঁড়িয়ে কাজ করার ফলস্বরূপ পায়ের শিরায় রক্ত জমা হতে থাকে। রক্তের চাপে পায়ের শিরাগুলি সহজেই প্রসারিত হয় এবং বৃদ্ধি পায়। শিরার দেওয়ালে পরিবর্তন ঘটে এবং বেশি ভেদ্য হয়ে যায়। শিরার ভেতর থেকে তরল পদার্থ ও প্রোটিন বেরিয়ে চতুস্পার্শ্বস্থ কোষগুলিতে প্রবেশ করে। পা ফুলে ওঠে এবং ইডীমা তৈরি হয়।

আনুভূমিক অবস্থায় কোষের মধ্যের এই তরল পদার্থ রাতারাতি প্রশমিত হয় এবং ইডীমা মিলিয়ে যায়। যত বেশিবার এবং যত বেশি সময় পায়ের শিরা প্রসারিত হতে থাকবে, এর ফল তত বিপজ্জনক হবে। শিরার স্ফীত হওয়া আর নিবারণ করা যাবেনা এবং শিরার দেওয়াল ক্রমাগত বেশি করে ভেদ্য হতে থাকবে।

এই হচ্ছে একটা সত্যিকারের দূষিত চক্রের সূত্রপাত।

## এর পরিণতি কী ?

স্পাইডার শিরা, ভ্যারিকোজ শিরা এবং ক্রমাগত বাড়তে থাকা স্ফীতি, যা আর নিজে থেকে মিলিয়ে যায় না, এগুলি হচ্ছে শিরাতে একটি রোগজনিত বিশৃঙ্খলার পূর্বাভাস। আর যদি এতেও কোন কার্যকরী পদক্ষেপ না নেওয়া হয়, তাহলে এর পরিণতি হবে একটি ''ওপেন লেগ'' এবং প্রাণনাশকারী থ্রম্বোসিস।

যে প্রোটিন এবং তরল পদার্থ কোষের মধ্যে জমা হয়ে থাকে, তা পায়ের সবচেয়ে নীচের দিকে, গোড়ালি প্রদেশে একটা ''জলাভূমির মতো'' জায়গা তৈরি করে। কোষগুলি মরে যায়, এর ফলে ''ওপেন লেগ'' তৈরি হয়। এই রোগে ১২লক্ষেরও বেশি জার্মান আক্রান্ত এবং এটা সহজে নিরাময়যোগ্য নয়।

আর থ্রম্বোসিস-এর বেলায়, শিরাতে রক্তাধিক্যের ফলে একটি থ্রম্বাস (জমাট বাঁধা রক্ত) তৈরি হয়। যদি কোনোক্রমে এই থ্রম্বাস পা থেকে ফুসফুসে চলে যায়, তাহলে প্রাণের আশংকা হওয়ার মতো অবস্থা সৃষ্টি হতে পারে ঃ পাল্‌মোনারি এম্‌বলিজ্‌ম্‌।

শুরুতেই নির্ণীত হলে, এই অবস্থায় আসা নিবারণ করা যেতে পারে। এইখানেই আপনার সুযোগ, আপনি উদ্যোগী হন।

---

*জনসাধারণের সুবিধার্থে প্রচারিত হচ্ছে :*

medi
I feel better

অ্যান্টি-এম্‌বলিজ্‌ম্‌ মোজা
মেডিক্যাল গ্র্যাজুয়েটেড কম্‌প্রেশন মোজা এবং পোষাক
ডি ভি টি, ভ্যারিকোজ শিরা, লিমফোইডীমা-র জন্য
মেডি জি এম বি এইচ অ্যান্ড কোং. কেজি, জার্মানি-র উৎপাদন

<u>ভারতবর্ষের একমাত্র আমদানীকারী ও বন্টনকারী</u>

**পুষ্পাঞ্জলী** সেলস্‌ প্রোমোশন
16, গণেশ চন্দ্র অ্যাভিনিউ, কোলকাতা-700 013 , প:বঙ্গ, ভারতবর্ষ
ফোন : +91-33-2236 0368/67 , ফ্যাক্স :+91-33-2221 7335, **Helpline : 91633 60368**
E-mail : pushpanjali@vsnl.com Website : wwwpushpanjaligroup.com

An ISO 9001: 2008 certified organisation
দিল্লি অফিস ঃ 98105 49981

12.11/Ben 10K